শিশুর সুস্থ বিকাশে মাতৃদুগ্ধের বিকল্প নেই: স্বাস্থ্যমন্ত্রী



স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ছবি: সংগৃহীত

স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, সময়ের পরিবর্তনের সঙ্গে জীবনযাত্রা আধুনিক হলেও সন্তান লালন-পালনে আগের মতো যত্ন ও মনোযোগ অনেক ক্ষেত্রে কমে গেছে। বিশেষ করে শিক্ষিত ও সচ্ছল পরিবারের অনেক মা নবজাতকের প্রয়োজনীয় পরিচর্যায় আগের মতো গুরুত্ব দিচ্ছেন না বলেও মন্তব্য করেন তিনি।

শনিবার (১ আগস্ট) সকালে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে আয়োজিত বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ ২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এবারের প্রতিপাদ্য ছিল, ‘জীবনের সূচনায় মাতৃদুগ্ধ পান, টেকসই উদ্যোগ করি বেগবান।’

স্বাস্থ্যমন্ত্রী বলেন, দেশে সিজারিয়ান প্রসবের হার উদ্বেগজনকভাবে বাড়ছে। একই সঙ্গে অনেক মা নবজাতককে জন্মের পরপরই শালদুধ পান করাচ্ছেন না। অথচ শালদুধ একটি শিশুর জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ ও পুষ্টিকর খাদ্য। তিনি উল্লেখ করেন, পবিত্র কোরআনেও নির্দিষ্ট সময় পর্যন্ত শিশুকে মাতৃদুগ্ধ পান করানোর বিষয়ে নির্দেশনা রয়েছে।

তিনি আরও বলেন, বিভিন্ন হাসপাতালে গিয়ে হামে আক্রান্ত ও অপুষ্টিতে ভোগা অনেক শিশুকে দেখা যায়। অনেক মায়ের সঙ্গে কথা বলে জানা যায়, নিজেরাই পর্যাপ্ত পুষ্টিকর খাবার না পাওয়ায় সন্তানদের প্রয়োজনীয় যত্ন নেওয়াও কঠিন হয়ে পড়ে।

মাতৃদুগ্ধপান বিষয়ে জনসচেতনতা বাড়াতে আগামী এক বছরের জন্য একটি কর্মপরিকল্পনা নেওয়ার কথাও জানান স্বাস্থ্যমন্ত্রী। তিনি বলেন, প্রতি মাসে অন্তত একটি জেলায় এ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে। এতে সিভিল সার্জন, জেলা প্রশাসন এবং উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্পৃক্ত করে মাতৃদুগ্ধপানের গুরুত্ব তুলে ধরা হবে। পাশাপাশি সমাজে এ চর্চাকে আরও শক্তিশালী করতে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান তিনি।